



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/22/2024

গভর্নর ক্যাথি হোকল

রোয়ে ভি. ওয়েড এর বর্ষপূর্তিতে গভর্নর ক্যাথি হোকলের বিবৃতি

"একাল্ল বছর আগে রোয়ে ভি. ওয়েড মামলায় সুপ্রিম কোর্টের রায়ের মাধ্যমে একজন মহিলার নিজের প্রজনন স্বাস্থ্যসেবা সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার নিশ্চিত হয়েছিল। 2022 সালে সেই একই আদালত ডবস মামলার রায়ের মধ্য দিয়ে মহিলাদের সেই অধিকার ছিনিয়ে নিয়েছে, যা দেশজুড়ে মহিলাদের জীবনকে ঝুঁকির সম্মুখীন করে তুলেছে।

গত দুই বছরে আমরা রোয়ে বাতিল হয়ে যাওয়ার বিধ্বংসী প্রভাব দেখতে পেয়েছি। দেশজুড়ে স্টেটের আইনসভাগুলোতে নতুন করে গর্ভপাত নিষিদ্ধকরণের আইন পাশ হচ্ছে। চরমপন্থী রাজনৈতিক সিদ্ধান্তের কারণে রোগীদেরকে জরুরি মেডিকেল সেবা প্রদান করতে অস্বীকৃতি জানানো হচ্ছে। হাজার হাজার মহিলা জীবন রক্ষাকারী ওষুধের অ্যাক্সেস হারিয়ে ফেলছেন।

কিন্তু নিউ ইয়র্ক এর বিরুদ্ধে লড়াই চালিয়ে যাচ্ছে – আমরা গর্ভপাত সেবার একটি নিরাপদ আশ্রয় হিসেবে শক্তিশালী অবস্থান ধরে রেখেছি। আমরা রোগীদের গোপনীয়তা রক্ষার জন্য দেশের নেতৃস্থানীয় আইনসমূহ পাশ করেছি, সেবা প্রদানকারীদেরকে সহায়তা করার জন্য 35 মিলিয়ন ডলার বিনিয়োগ করেছি, প্রজনন সেবার জন্য টেলিহেলথ সেবার অ্যাক্সেস সম্প্রসারণ করেছি, অপরিহার্য ওষুধ মজুদ রেখেছি, এবং আরো অনেক পদক্ষেপ গ্রহণ করেছি। আজ, রোয়ে এর ভাবগম্ভীর বর্ষপূর্তির এই সময়ে আমরা প্রজনন সংক্রান্ত অধিকারের জন্য আমাদের লড়াই চালিয়ে যাওয়ার ব্যাপারে আমাদের অব্যাহত অঙ্গীকারাবদ্ধতা ব্যক্ত করছি।

যারা নিউ ইয়র্কে একজন মহিলার গর্ভপাত সেবার অ্যাক্সেস সীমিত করে দিতে চায়, তাদেরকে আমি একটি সরল বার্তা দিতে চাই: এখানে নয়, এখন নয়, কখনো নয়।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে www.governor.ny.gov

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)